

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৭  
০৫ ডিসেম্বর ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৫ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোনো সংকেতও দেখাতে হবে না।

০৫ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: মান্নার উপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি দুর্বল হয়ে নিম্নচাপ আকারে একই এলাকায় (০৯.১ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং ৭৮.৫ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরও ক্রমান্বয়ে দুর্বল এবং গুরুত্বহীন হয়ে পড়েছে। উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ষিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাস: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে তবে রংপুর বিভাগের কোথাও কোথাও হালকা বৃষ্টি/গুড়ি গুড়ি বৃষ্টি হতে পারে। শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৯.২	২৭.৫	২৯.৭	২৭.৭	২৮.৪	২৮.৫	২৯.৪	২৯.২
সর্বনিম্ন তাপমাত্রা	১৫.০	১৭.০	১৪.৩	১৫.১	১৪.৩	১৪.৩	১৪.৭	১৬.৩

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কুতুবদিয়া ২৯.৭° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বদলগাছী ও তেঁতুলিয়া ১৪.৩° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

#### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ০৩ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৪ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক

অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৬	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	২	০	০
	মোট	১৮	০	০

**কম্বল/ শীত বস্ত্র ক্রয়ের নিমিত্ত অর্থ বরাদ্দ।**

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতার্ভ জনগণের মাঝে মানবিক সহায়তা হিসেবে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য ৬৪ জেলার জেলা প্রশাসকগণের অনুকূলে মোট ২৯ কোটি ৫২ লক্ষ নগদ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে খ্রীষ্টান ধর্মাবলম্বীদের শুভ বড়দিন, ২০২০ উদযাপন উপলক্ষে দেশের নিম্নবর্ণিত ৬২টি জেলার ৫,৩১০টি গীর্জার প্রতিটির অনুকূলে ৫০০ (পাঁচশত) কেজি হারে মোট ২,৬৫৫ (দুই হাজার ছয়শত পঞ্চাশ) মেঃ টন চালের বিপরীতে সর্বমোট ১১,৮৮,৫৩,৭৩০/- (এগার কোটি আটাত্তিশ লক্ষ তিনশত হাজার সাতশত ত্রিশ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।



৫-১২-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫০/১(১৭০)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৭  
০৫ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৫-১২-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা